

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৩৯

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯৬. যখন কোনো মহিলার হায়েযের দিনগুলি ইসতিহাযার দিনগুলি সাথে মিশ্রিত হয়ে যায়

بَابُ إِذَا اخْتَلَطَتْ عَلَى الْمَرْأَةِ أَيَّامُ حَيْضِهَا فِي أَيَّام اسْتِحَاضَتِهَا

## আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْلَمَةَ قَالَ سُئِلَ مَالِكٌ عَنْ عِدَّةِ الْمُسْتَحَاضَةِ إِذَا طُلِّقَتْ فَحَدَّثَنَا مَالِكٌ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ أَنَّهُ قَالَ عِدَّتُهَا سَنَةٌ قَالَ أَبُو مُحَمَّد هُوَ قَوْلُ مَالِكٌ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ أَنَّهُ قَالَ عِدَّتُهَا سَنَةٌ قَالَ أَبُو مُحَمَّد هُوَ قَوْلُ مَالِكٍ

إسناده صحيح

## বাংলা

৯৩৯. আব্দুল্লাহ ইবনু মাসলামাহ বলেন, মালিককে 'ইসতিহাযাগ্রস্ত তালাকপ্রাপ্তা মহিলা' সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি ইবনু শিহাব হতে, তিনি সাঈদ ইবনুল মুসাইয়্যিব হতে বর্ণনা করেন। তিনি বলেছেন: 'সেই মহিলার ইদ্দিতকাল একবছর।'[1] আবু মুহাম্মদ বলেন: এটি মালিকের মত।

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: মালিক, তালাক অধ্যায় ৭১; ইবনু আবী শাইবা ৫/১৫৮; এটি সামনে ৯৪৮ (অনুবাদে ৯৪৪) নং এ আসছে। আব্দুর রায্যাক নং ১১১২৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আব্দুল্লাহ ইবনু মাসলামাহ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন